

ইবির নিখোঁজ ২ ছাত্রকে উদ্ধারের দাবিতে শিক্ষক সমিতির মানববন্ধন

৪টি বিভাগে ক্লাস ও পরীক্ষা বর্জন অব্যাহত

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের দুই ছাত্র নিখোঁজ হওয়ার ২০ দিন পরও সন্ধান নেই। নিখোঁজ ছাত্রদের উদ্ধারের দাবিতে সোমবার, শিক্ষক সমিতি ক্যাম্পাসে মানববন্ধন করেছে। এদিকে একই দাবিতে ৪টি বিভাগে ক্লাস-পরীক্ষা বর্জন কর্মসূচি অব্যাহত রয়েছে। জানা যায়, র্যাব ও ডিবি পুলিশের পরিচয়ে অপহৃত ইসলামী বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থী ২০ দিন পরে উদ্ধার না হওয়ায় সোমবার বেলা ১১টার দিকে বিক্রম ও প্রযুক্তি অনুষদের মানববন্ধন সভায় মানববন্ধন কর্মসূচিতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষকরা অংশ নেন।

মানববন্ধন কর্মসূচিতে বক্তারা জানান, বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থী নিখোঁজ হওয়ার ঘটনায় সরকারের নিকট তীব্র উদ্বেগজনক। শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আহন তরিকুল ইসলামের পরিচালনায় মানববন্ধন কর্মসূচিতে বক্তব্য রাখেন সভাপতি প্রফেসর ড. এঞ্জেলুস আলী, সাবেক সভাপতি প্রফেসর ড. নিলানুর রহমান, সহ-সভাপতি প্রফেসর ড. আবু সিনা, জিয়া পরিষদের সভাপতি প্রফেসর ড. নজিবুল হক, দাওয়াহ ও ইসলামিক ইন্ডিজ বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. বেলায়ুমান, আল ফিকহ বিভাগের চেয়ারম্যান বানিদা গাফুর তমা প্রমুখ। মানববন্ধনে প্রফেসর ড. অরশিদুর রহমান, প্রফেসর ড. আবদুল হকমান

শেখ: প্রফেসর ড. আবদুল ওল্লাহ উল্লাহ, প্রফেসর ড. মনজাউর রহমান, প্রফেসর ড. আহমাদ উল্লাহ ফকরুল, প্রফেসর ড. ফারুক আহমেদ, প্রফেসর ড. আতাউল উদ্দিন, প্রভেট কনট্রোলিং সূত্রপতি মোহাম্মদ মেলিন, লালন শাহ হুদার প্রভেট প্রফেসর ড. নাসির উদ্দিন মিলিপুর শতাব্দিক শিক্ষক অংশগ্রহণ করেন। এদিকে দুই ছাত্রের উদ্ধারের দাবিতে বিশ্ববিদ্যালয়ের আল ফিকহ, দাওয়াহ ও ইসলামিক ইন্ডিজ, আল কোরআন ও ইসলামিক ইন্ডিজ, আল হাদিস ও ইসলামিক ইন্ডিজ বিভাগের শিক্ষার্থীরা টানা ২০ দিন ধরে ক্লাস-পরীক্ষা বর্জন করে আসছে।